বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়
নড়াইল
www.ecs.gov.bd

স্মারক নম্বর-১৭.০৫.৬৫০০.০০০.৭০.০০৭.১৮-৩৭৬ তারিখ : ২০ আগস্ট ২০২৬

## অকেজো ঘোষিত মালামাল/যন্ত্রাংশসমূহের নিলাম সিডিউল

জেলা নির্বাচন অফিস, নড়াইল ও এর আওতাধীন ০৩ টি উপজেলা নির্বাচন অফিস (নড়াইল সদর, লোহাগড়া, কালিয়া) সংরক্ষিত অকেজো ঘোষিত ০১ টি ডেক্সটপ কম্পিউটার (লট নং-১), ০৩ টি প্রিন্টার (লট নং-২), ০৪ টি ফটোকপিয়ার (লট নং-৩), ০৬ টি ল্যাপটপ (লট নং-৪) নিলামের জন্য ২০/০৮/২০২৬ খ্রিঃ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তি পত্র নং- ১৭.০৫.৬৫০০.০০০.৭০.০০৭.১৮-৩৭৫ এর দরপত্র তফসিলের (সিডিউল) শর্তাবলীঃ

১। প্রতিটি দরপত্রের সিডিউল মূল্য ৫০০/- পাচশত টাকা (অফেরতযোগ্য) । একই টেন্ডার সিডিউলে একই ব্যক্তি নিলামে উল্লিখিত ঘোষিত ০১ টি ডেক্সটপ কম্পিউটার (লট নং-১), ০৩ টি প্রিন্টার (লট নং-২), ০৪ টি ফটোকপিয়ার (লট নং-৩), ০৬ টি ল্যাপটপ (লট নং-৪) এর জন্য পৃথক পৃথক লটের দরপত্র দাখিল করতে পারবেন।

২। ২০/০৮/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত জেলা নির্বাচন অফিস, নড়াইল হতে সিডিউল ক্রয় করা যাবে।

৩। দরপত্র আগামী ২০/০৮/২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত জেলা নির্বাচন অফিসে রক্ষিত নির্ধারিত বাক্সে সরাসরি দাখিল করতে হবে।

৪। দাখিলকৃত দরপত্র সীল মোহরকৃত খামে প্রেরণ করতে হবে। খামের উপর অবশ্যই অকেজো ঘোষিত মালামালের নাম এবং লট নং স্পষ্ট করে লিখতে হবে এবং ২৭/০৮/২০২৬ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না সেটা লিখতে হবে। বর্ণিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র দাখিল করা যাবে না বা গ্রহণ করা হবে না এবং ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ থাকেন) খোলা হবে। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের রশিদ অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫। ইচ্ছুক দরদাতাগণ ২৫/০৮/২০২৬ খ্রিঃ তারিখ বা তৎপূর্বে অত্র কার্যালয়ে গমন করত: রক্ষিত ডেক্সটপ কম্পিউটার, প্রিন্টার, ফটোকপিয়ার এবং ল্যাপটপ পরিদর্শন করতে পারবেন।

৬। দরদাতাকে উক্ত মালামালের উদ্ধৃত দরের ১৫% টাকা (ফেরতযোগ্য) জামানত/আর্নেস্ট মানি হিসাবে যেকোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জেলা নির্বাচন কর্মকর্তা, নড়াইল এর অনুকূলে অবশ্যই দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। সর্বোচ্চ দরদাতা কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে (উদ্ধৃত) ক্রয়কৃত মূল্যের ১৫% ভ্যাট এবং বিধি মোতাবেক উৎসে কর (প্রযোজ্য হারে) নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অকেজো ঘোষিত মালামালের কার্যাদেশ প্রদানের ১৫ কর্মদিবসের মধ্যে ডেলিভারি গ্রহণ করতে হবে। অন্যথায়, প্রদত্ত আর্নেস্টমানি/জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৮। সর্বোচ্চ দরদাতা কর্তৃক কার্যাদেশের শর্ত মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে ডেক্সটপ কম্পিউটার, প্রিন্টার, ফটোকপিয়ার এবং ল্যাপটপ সরবরাহ গ্রহণে ব্যর্থ হলে তার দাখিলকৃত আর্নেস্টমানি বাজেয়াপ্ত করে পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।

৯। একাধিক দরপত্রে প্রদানকৃত দর সমান হলে লটারির মাধ্যমে সর্বোচ্চ দরদাতা নির্ধারণ করা হবে।

১০। ডেক্সটপ কম্পিউটার, প্রিন্টার, ফটোকপিয়ার এবং ল্যাপটপ নিলামে বিক্রয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান প্রতিপালন করা হবে।

১১। বর্ণিত শর্তাবলীতে অথবা অন্য কোন বিষয়ে মতানৈক্য দেখা দিলে সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল অথবা যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। দরপত্র দাখিলকারীকে পূরণকৃত দরপত্রের সহিত বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট সনদ (যদি থাকে) ও জাতীয় পরিচয়পত্রের কপি জমা দিতে হবে।

১৪। জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, নড়াইল ও রক্ষিত অকেজো ঘোষিত অকেজো ঘোষিত ০১ টি ডেক্সটপ কম্পিউটার, ০৩ টি প্রিন্টার, ০৪ টি ফটোকপিয়ার, ০৬ টি ল্যাপটপের বিবরণ **পরিশিষ্ট "ক"** সংযুক্ত করা হলোঃ

২০/৮/২৬

(মোহাঃ আঃ ছালেক)
জেলা নির্বাচন অফিসার, নড়াইল
ও
সভাপতি
অকেজো মালামাল নিষ্পত্তিকরণের নিমিত্ত নিলাম কমিটি
ফোনঃ ০২৪৭-৭৭৭৩৫৮০
deonarail75@gmail.com